চিটাগাং ড্রাই ডক লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী
পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
চিটাগাং ড্রাই ডক লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী
পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম।

**আবেদন ফরম**
**মূল্য ৫,০০০/- টাকা**

**চিটাগাং ড্রাই ডক লিমিটেড (সিডিডিএল) এর অভ্যন্তরে/বাহিরে জাহাজের এবং অন্যান্য কাজে যোগানদার/উপঠিকাদার তালিকাভুক্তি প্রসঙ্গে**

প্রিয় মহোদয়

উপরোল্লিখিত বিষয়ে যোগানদার/উপঠিকাদার হিসেবে তালিকাভুক্তির নিমিত্তে আমার প্রতিষ্ঠান সম্পর্কিত নিম্নলিখিত তথ্যাদি প্রদান করা হলোঃ

১। প্রতিষ্ঠানের নামঃ

২। সংক্ষিপ্ত নাম (যদি থাকে)ঃ

৩। প্রতিষ্ঠান স্থাপনের তারিখঃ

৪। ঠিকানা।

ক। স্থায়ী ঠিকানা (মালিক/অংশীদার/চেয়ারম্যান/পরিচালক)ঃ

খ। বর্তমান ঠিকানা (মালিক/অংশীদার/চেয়ারম্যান/পরিচালক)ঃ

গ। অফিস ঠিকানাঃ

ঘ। ওয়ার্কশপ ঠিকানাঃ

ঙ। টেলিফোন নম্বরঃ

চ। মোবাইল নম্বরঃ

ছ। ফ্যাক্স নম্বরঃ

জ। ইমেইলঃ

ঝ। এনআইডি নং (মালিক/অংশীদার/চেয়ারম্যান/পরিচালক)ঃ

৫। **<u>প্রতিষ্ঠানের ব্যবসায়ের ধরন (সঠিক স্থানে টিক চিহ্ন দিন)</u>**।

ক। একক মালিকানাধীন

খ। অংশীদারী কারবার

গ। লিমিটেড (পাবলিক/প্রাইভেট) ও

ঘ। অন্যান্য

বিঃ দ্রঃ অংশীদারী প্রতিষ্ঠান হলে Deed এর সত্যায়িত কপি এবং লিমিটেড কোম্পানি হলে Memorandum of Association & Article of Association দাখিল করতে হবে।

৬। **<u>কাজ করতে আগ্রহী ক্যাটাগরি (সঠিক স্থানে টিক চিহ্ন দিন)</u>**।

ক। **<u>ক্যাটাগরি-১</u>**। জাহাজের হাল, ট্যাংক, কার্গোহোল্ড, এ্যাকোমোডেশন, ইঞ্জিন রুম ইত্যাদি পরিস্কার ও রংকরণ সংক্রান্ত কাজ।

খ। **<u>ক্যাটাগরি-২</u>**। জাহাজের প্লেট, পাইপ লাইন ও বিভিন্ন স্টিল স্ট্রাকচার নবায়ন কাজ; জাহাজের বিভিন্ন মেকানিক্যাল মেরামত কাজ যেমন-রাডার, প্রপেলার, ভাল্‌ভ, কুলার, পাম্প, ইঞ্জিন, ক্রেন, ডেরিক ইত্যাদি মেরামত এবং হাল, ট্যাংক, কার্গোহোল্ড, এ্যাকোমোডেশন, ইঞ্জিন রুম ইত্যাদি পরিস্কার ও রংকরণ সংক্রান্ত কাজ।

গ। **<u>ক্যাটাগরি-৩</u>**। জাহাজের গাত্রে (ভিতরে/বাহিরে) স্যান্ড ব্লাস্টিং, গ্রিট ব্লাস্টিং ও শট ব্লাস্টিং এবং সিডিডিএল এলাকায় বিভিন্ন স্টিল ম্যাটেরিয়েল যেমন-প্লেট, অ্যাংগেল, চ্যানেল, পাইপ, আই-ভীম ইত্যাদির স্যান্ড ব্লাস্টিং, গ্রিট ব্লাস্টিং ও শট ব্লাস্টিং সংক্রান্ত কাজ।

ঘ। **<u>ক্যাটাগরি-৪</u>**। জাহাজের বিভিন্ন ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স ইকুইপমেন্ট, নেভিগেশনাল ও কমিউনিকেশন ইকুইপমেন্ট ইত্যাদির মেরামত/নবায়ন/সার্ভিসিং/টেস্টিং কাজ এবং জাহাজের মেইন ইঞ্জিন, অক্সিলিয়ারি ইঞ্জিন, জেনারেটর, টার্বোচার্জার, বয়লার, বিভিন্ন মোটর ইত্যাদির মেরামত/সার্ভিসিং/ওভারহলিং সংক্রান্ত কাজ।

ঙ। **<u>ক্যাটাগরি-৫</u>**। সিডিডিএল এলাকায় জাহাজের বিভিন্ন স্ট্রাকচারের Non Destructive Test (NDT) সংক্রান্ত কাজ।

চ। **<u>ক্যাটাগরি-৬</u>**। স্টিল স্ট্রাকচার নির্মাণ ও এতদ্‌সংক্রান্ত পূর্ত কাজ।

৭। **<u>দলিলাদি</u>**। যোগানদার/উপঠিকাদার-কে এই আবেদন পত্রের সাথে **১**ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত দলিলাদি সংযুক্ত করতে হবেঃ

ক। সংশ্লিষ্ট কাজের আপ-টু-ডেট ট্রেড লাইসেন্স।

খ। প্রতিষ্ঠানের সর্বশেষ আয়কর সনদপত্র (TIN No উল্লেখসহ)।

গ। ভ্যাট রেজিস্ট্রেশনের কপি।

ঘ। নৌ বাণিজ্য অধিদপ্তর (MMD) হতে বিষয়োক্ত কাজের বৈধ আপ-টু-ডেট সনদপত্র (ক্যাটাগরি ২,৩,৪,৫ এর জন্য প্রযোজ্য)।

ঙ। কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর হতে বাণিজ্য প্রতিষ্ঠান লাইসেন্স (ক্যাটাগরি ২,৩,৪,৫ এর জন্য প্রযোজ্য)।

চ। প্রতিষ্ঠানের ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট এবং উক্ত ব্যাংকের সঙ্গে গত এক বৎসরের প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন বিবরণীর মূল কপি।

ছ। প্রতিষ্ঠানটির নামে ইস্যুকৃত ট্রেড লাইসেন্সে MMD সনদে উল্লিখিত ঠিকানায় নিজস্ব- (ক) অফিস, (খ) টেলিফোন নম্বর, (গ) ওয়ার্কিং মেশিন/ইকুইপমেন্ট/ওয়ার্কিং টুলস (ঘ) সেফটি ড্রেস প্রভৃতির তালিকা ও দলিলপত্রের/তথ্যাদির সত্যায়িত কপি।

৮। **সাধারণ শর্তাবলি।**

ক। যোগানদার/উপঠিকাদার তালিকাভুক্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠানের অফিস, ওয়ার্কশপ, লোকবল, যন্ত্রপাতি ইত্যাদি সংশ্লিষ্ট কাজে কারিগরি কমিটি কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক যাচাই করা হবে। কারিগরি যাচাইয়ে সন্তোষজনক প্রতীয়মান হলে তারা তালিকাভুক্তির জন্য কারিগরিভাবে যোগ্য বলে বিবেচিত হবে। সিডিডিএল ISO-9001:2015 Certified প্রতিষ্ঠান বিধায় তালিকাভুক্তির পরও প্রতিটি কাজে নিয়োগের পূর্বে যোগানদার/উপঠিকাদারের লোকবল/যন্ত্রপাতির উপযোগিতা পরীক্ষা করা হতে পারে।

খ। সিডিডিএল কর্তৃক চূড়ান্তভাবে বাছাইকৃত প্রতিষ্ঠান পরবর্তী ২ বছরের জন্য তালিকাভুক্ত হবে।

গ। নিম্নের যেকোনো কারণে যোগানদার/উপঠিকাদারের তালিকাভুক্তি বাতিল হতে পারেঃ

(১) যোগানদার/উপঠিকাদার বা তার অংশীদারি কোনো প্রতিষ্ঠান প্রত্যক্ষ/পরোক্ষভাবে সিডিডিএল এর সাথে সিডিডিএল বহির্ভূত কোন ঠিকাদারি কাজে প্রতিযোগী হিসেবে অংশগ্রহণ করবে না। এ ধরনের কোনো কাজে সিডিডিএল এর সাথে প্রতিযোগিতামূলক অংশগ্রহণকারী হিসেবে প্রমাণিত হলে যোগানদার/উপঠিকাদারের বিষয়োক্ত কাজে তালিকাভুক্তি তাৎক্ষণিক বাতিল বলে গণ্য হবে এবং উক্ত তালিকাভুক্তির নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে;

(২) সিডিডিএল এর কার্যাদেশ প্রাপ্তির পর যোগানদার/উপঠিকাদার কাজ শুরু করে অসমাপ্ত রেখে বাকী কাজ করতে অনীহা/অপারগতা প্রকাশ করলে সে যোগানদার/উপঠিকাদারের তালিকাভুক্তি বাতিল বলে বিবেচিত হবে এবং উক্ত তালিকাভুক্তির নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে;

(৩) একই বৎসরে কোনো যোগানদার/উপঠিকাদার চুক্তিপত্রের শর্তাবলি দ্বিতীয়বার ভঙ্গ করলে;

(৪) যোগানদার/উপঠিকাদার স্বেচ্ছায় তালিকাভুক্তি বাতিলের আবেদন করলে।

(৫) যোগানদার/উপঠিকাদার কোনো ধরনের ছলচাতুরি, জালিয়াতি, অসদাচরণ বা প্রতারণার আশ্রয় গ্রহণ করলে বা জাল কাগজপত্র ও তথ্য-উপাত্ত দাখিল বা সরবরাহ করলে সিডিডিএল কর্তৃক যোগানদার/উপঠিকাদার প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল ও নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে।

ঘ। সিডিডিএল এর কার্যাদেশ প্রাপ্তির পর যোগানদার/উপঠিকাদার সিডিডিএল এর জাহাজ মেরামত বিভাগের তত্ত্বাবধানে ও কিউএ অ্যান্ড কিউসি শাখা এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট ক্লাসিফিকেশন সোসাইটির সন্তুষ্টি মোতাবেক কাজ করবে এবং জাহাজ মেরামত কাজে প্রযোজ্য গুণগত মান বজায় রাখতে বাধ্য থাকবে।

ঙ। সিডিডিএল এর লিখিত অনুমতি ছাড়া যোগানদার/উপঠিকাদার কাজের আংশিক/সম্পূর্ণ অংশ অন্য কোনো ঠিকাদার অথবা অন্য কোনো প্রতিষ্ঠানকে সাব-কন্ট্রাক্টর হিসেবে নিয়োজিত করতে পারবে না।

চ। সিডিডিএল এর পক্ষ হতে মৌখিক/লিখিতভাবে কাজ বুঝিয়ে দেওয়ার পর সমস্ত আনুষঙ্গিক কাজ যোগানদার/উপঠিকাদার নিজে তদারকি/সুপারভিশনে সম্পাদন করবে। প্রয়োজনে সিডিডিএল এর সহযোগিতা কামনা করতে পারবে।

ছ। কার্যাদেশে প্রদত্ত Technical Specification অনুযায়ী কাজ যোগানদার/উপঠিকাদার-কে যথাযথভাবে সম্পাদন করতে হবে।

জ। যোগানদার/উপঠিকাদার কাজের সুষ্ঠু ব্যবস্থাপনা, তদারকি ও যোগাযোগের জন্য সিডিডিএল এ **একজন যোগ্য কারিগরি** প্রতিনিধির সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করতে হবে।

ঝ। কাজের প্রয়োজন/চাহিদা অনুযায়ী সিডিডিএল এর নির্দেশ মোতাবেক দিবা-রাত্রি কাজ করার জন্য চাহিদাকৃত সংখ্যক সুপারভাইজার, ওয়েল্ডার ও ফিটার অবশ্যই যোগান দিতে হবে।

ঞ। যোগানদার/উপঠিকাদার-কে স্বাভাবিক পরিবেশ ও আবহাওয়ায় প্রতিদিন ন্যূনতম ২ (দুই) টন/৪০-৫০ বর্গমিটার এলাকায় প্লেট ডকে/জেটিতে নবায়ন (ক্যাটাগরি-২ এর জন্য প্রযোজ্য) করতে সক্ষম হতে হবে এবং এ পরিমাণ কাজ সম্পাদন করতে বাধ্য থাকবে।

ট। যোগানদার/উপঠিকাদার সিডিডিএল এর নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করতে হবে। সিডিডিএল দৈনিক স্বাভাবিক কাজের সময় (সকাল ০৭:৩০ ঘটিকা হতে বিকাল ০৪:৩০ ঘটিকা পর্যন্ত) ছাড়াও অতিরিক্ত সময়ে এবং প্রয়োজনবোধে সিডিডিএল এর অনুমতি সাপেক্ষে বিরতিহীনভাবে (তিন শিফটভিত্তিক) কাজ করতে হবে।

ঠ। যোগানদার/উপঠিকাদার যথাসময়ে কাজ শেষ করতে অকৃতকার্য হওয়ার কারণে সৃষ্ট পরিস্থিতিতে প্রয়োজন হলে অসম্পূর্ণ কাজের মূল্যের ভিত্তিতে অথবা সিডিডিএল এর গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ক্ষতিপূরণ যোগানদার/উপঠিকাদারের নিকট হতে আদায় করা হবে।

ড। যোগানদার/উপঠিকাদারের কাজের ত্রুটির কারণে জাহাজ আনডকিং এ বিলম্ব হলে সিডিডিএল এর ক্ষতির মাত্রানুযায়ী নিম্নের যেকোনো ব্যবস্থা গ্রহণ করতে পারবেঃ

(১) সিডিডিএল কর্তৃক পুনঃনির্ধারিত সময়ে ত্রুটিপূর্ণ কাজ যোগানদার/উপঠিকাদার কর্তৃক নিজ খরচে ত্রুটিমুক্ত (Rework) করা।

(২) যোগানদার/উপঠিকাদার হতে আর্থিক ক্ষতিপূরণ আদায় করা।

(৩) যোগানদার/উপঠিকাদার কর্তৃক প্রদত্ত নিরাপত্তা জামানত বাজেয়াপ্তসহ তালিকাভুক্তি বাতিল করা।

ঢ। যোগানদার/উপঠিকাদার দ্বারা সম্পাদিত কাজে ক্রয়কারী/সেবাগ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক কোনো অভিযোগ/ত্রুটি পাওয়া গেলে যোগানদার/উপঠিকাদার নিজ খরচে উক্ত কাজে ত্রুটিমুক্ত করতে বাধ্য থাকবে।

ণ। যোগানদার/উপঠিকাদার কর্তৃক জাহাজের নির্ধারিত কাজ শেষ হলেও জাহাজ ডকে/জেটিতে অবস্থানকালীন জাহাজ মেরামত বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখবে এবং আনডকিং/আনবার্থিং এর সময়ে কৃতকাজের যেকোনো ধরনের ত্রুটি তাৎক্ষণিকভাবে সংশোধন করার জন্য জাহাজ মেরামত বিভাগের নির্দেশক্রমে প্রয়োজনীয় সংখ্যক দক্ষ শ্রমিক/কারিগর উপস্থিত রাখবে। এছাড়া আনডকিং/আনবার্থিং এর পূর্বে বা পরেও যদি কৃতকাজের কোনো ত্রুটি ধরা পড়ে তবে সিডিডিএল এর নির্দেশ পাওয়া মাত্রই সিডিডিএল এলাকায়/বাংলাদেশের যেকোনো এলাকায় উক্ত জাহাজের ত্রুটি জরুরি ভিত্তিতে যোগানদার/উপঠিকাদার সংশোধন করতে হবে।

ত। নিম্নলিখিত মালামাল/কাজগুলি সিডিডিএল এর কার্যাদেশ প্রাপ্তির পর যোগানদার/উপঠিকাদার-কে কাজের প্রয়োজনে অবশ্যই কার্যস্থলে আনতে/সম্পন্ন করতে হবেঃ

(১) প্রয়োজনীয় গ্যাসকাটার/মিটার রেগুলেটারসহ সেট পাইপ ।

(২) গ্রাইন্ডিং মেশিন ও গ্রাইন্ডিং হুইল ।

(৩) প্রয়োজনীয় চেইনপুলি ব্লক/জ্যাক ।

(৪) ওয়েল্ডিং শিল্ড ।

(৫) নিয়োজিত শ্রমিকদের জন্য নিরাপত্তামূলক সরঞ্জাম যেমন-হেলমেট, সেফটি বেল্ট, সেফটি স্যু, হ্যান্ড গ্লাভস, গগলস ইত্যাদি।

(৬) আনুষঙ্গিক সরঞ্জামাদিসমূহ (হাতুড়ি, লাইটার, চিপিং, হ্যামার ইত্যাদি)

(৭) প্লেট নবায়নের জন্য ছোট-খাটো কাঠ/পাইপ অপসারণ করা।

(৮) প্রয়োজনীয় স্থানে গাউজিং/গ্রাইন্ডিং করা।

(৯) গাউজিং হোল্ডার।

(১০) কাজের স্থানে টেম্পোরারি লাইটিং এর জন্য বৈদ্যুতিক হোল্ডার, বৈদ্যুতিক তার (ক্যাবলসহ) হ্যান্ড ল্যাম্প ও বাল্ব।

(১১) ব্লোয়ার ইত্যাদি।

থ। নিম্নলিখিত মালামাল/কাজগুলি সিডিডিএল বিনা খরচে যোগানদার/উপঠিকাদার-কে সরবরাহ করবেঃ

ক। এম.এস. প্লেট ।

খ। অক্সিজেন/এ্যাসিটিলিন গ্যাস (প্রযোজ্য ক্ষেত্রে)।

গ। ওয়েল্ডিং মেশিন (ক্যাবল ও হোল্ডারসহ) ও যাবতীয় ইলেকট্রোড (প্রযোজ্য ক্ষেত্রে)।

ঘ। গাউজিং সম্পন্ন করার জন্য গাউজিং ইলেকট্রোড, কম্প্রেসার ও মেশিনারি সুবিধাদি (প্রযোজ্য ক্ষেত্রে)।

ঙ। প্লেট নবায়নের প্রয়োজনে যাবতীয় স্ক্যাফোল্ডিং (Scaffolding) সুবিধাদি ।

চ। প্লেট নবায়ন কাজের সাথে সংশ্লিষ্ট ট্যাংক ক্লিনিং, গ্যাস মুক্তকরণ, Hot Work Permission ইত্যাদি।

ছ। ক্রেন/ফর্কলিফটার।

দ। যোগানদার/উপঠিকাদার তাদের সংশ্লিষ্ট কাজ থেকে উদ্ভূত স্ক্র্যাপ (Scrap) ও অন্যান্য ময়লা আবর্জনা (Garbage) নিজ দায়িত্বে কার্যস্থান হতে গুছিয়ে নির্ধারিত জায়গায় সংরক্ষণ করতে এবং সিডিডিএল এর সংশ্লিষ্ট প্রকৌশলী/কর্মকর্তার নিকট যথাযথভাবে বুঝিয়ে দিতে বাধ্য থাকবে।

ধ। বিষয়োক্ত কাজে সিডিডিএল কর্তৃক যোগানদার/উপঠিকাদার হিসেবে চূড়ান্তভাবে বাছাইকৃত প্রতিষ্ঠানকে সিডিডিএল কর্তৃক আরোপিত শর্তসহ টাকা ৩০০/- (টাকা তিনশত মাত্র) মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্রে স্বাক্ষর করতে হবে।

ন। নতুন তালিকাভুক্তির ক্ষেত্রে যোগানদার/উপঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের সনদপত্র, যার ন্যূনতম মূল্যমান ৫ লক্ষ টাকা তার সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে এবং তদ্নিম্ন ছক পূরণ করতে হবেঃ

(১) সরকারি প্রতিষ্ঠান যেমন- বিএন ডকইয়ার্ড, নারায়নগঞ্জ ডকইয়ার্ড, খুশিলি, ফিশারিজ ডকইয়ার্ড, বিআইডব্লিইটিসি ডকইয়ার্ড, বিআইডব্লিউটিএ ডকইয়ার্ড এর ইত্যাদি হতে সংশ্লিষ্ট কাজে সন্তুষ্টিসহ ন্যূনপক্ষে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতার সনদপত্র (ন্যূনপক্ষে ২ (দুই) বৎসর মেয়াদকালে প্রাপ্ত কিছু কার্যাদেশের কপিসহ)

(২) বেসরকারি/ব্যক্তিমালিকানাধীন শিপইয়ার্ড/ডকইয়ার্ড এর সংশ্লিষ্ট কাজের সন্তুষ্টিসহ ন্যূনপক্ষে ৫ (পাঁচ) বৎসরের সন্তোষজনক অভিজ্ঞতার সনদপত্র (ন্যূনপক্ষে ৫ (পাঁচ) বৎসর মেয়াদকালে প্রাপ্ত কিছু কার্যাদেশের কপিসহ)।

| ক্রমিক | কাজের নাম | টাকার পরিমাণ/বিল |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |

৯। **অন্যান্য শর্তাবলি।**

ক। সিডিডিএল কর্তৃক প্রদত্ত কাজের তদারকি ও সুষ্ঠু পরিচালনার জন্য প্রতিষ্ঠানে নিযুক্ত দক্ষ ও অভিজ্ঞ সুপারভাইজারের ছবিসহ বায়োডাটা, অভিজ্ঞতা (সরকারি/বেসরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান কর্তৃক সংশিষ্ট কাজের) সনদপত্র এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরত আছেন মর্মে সুপারভাইজারের হলফনামা দাখিল করতে হবে।

খ। সিডিডিএল কর্তৃক প্রদত্ত কাজের তদারকি ও সুষ্ঠু পরিচালনার জন্য একজন দক্ষ ও অভিজ্ঞ ডিপ্লোমা সনদধারী প্রকৌশলী অথবা ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন ন্যূনপক্ষে এস.এস.সি পাশ ফোরম্যান সার্বক্ষণিক নিয়োজিত থাকতে হবে।

গ। তালিকাভুক্তির জন্য আগ্রহী যোগানদার/উপঠিকাদারী প্রতিষ্ঠানকে দক্ষ কারিগরি জনশক্তি হিসেবে ন্যূনতম মোট ৫ (পাঁচ) জনের একটি স্থায়ী সেট-আপ থাকতে হবে। তাদের স্বাক্ষরিত আলাদা জীবন-বৃত্তান্ত, ছবি ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

ঘ। অন্তত ৪ (চার) জন ওয়েল্ডার B.V/DNV/RINA/Lloyd's Register অথবা IACS-ভুক্ত যেকোনো ক্লাসিফিকেশন সোসাইটির সার্টিফিকেট (ক্যাটাগরি-২ এর জন্য প্রযোজ্য) দাখিল করতে হবে ।

ঙ। রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান হিসেবে সিডিডিএল এর স্বার্থ সংরক্ষণের জন্য কোনো কারণ দর্শানো ছাড়াই কার্যাদেশ বাতিল, যেকোনো শর্ত সংযোজন, বিয়োজন অথবা সংশোধন করা যাবে এবং এই ক্ষেত্রে সিডিডিএল এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। **নিরাপত্তা জামানত।**

ক। সিডিডিএল কর্তৃক কোনো যোগানদান/উপঠিকাদারী প্রতিষ্ঠানকে তালিকাভুক্তিকরণের সিদ্ধান্ত গৃহীত হলে উক্ত প্রতিষ্ঠানকে সিডিডিএল এর সাথে এ ধরনের কাজের জন্য নিরাপত্তা জামানত হিসাবে টাকা ৫ লক্ষ (ক্যাটাগরি-২,৪,৬) এবং টাকা ২ লক্ষ (ক্যাটাগরি-১,৩,৫) যেকোনো শিডিউল ব্যাংক হতে পে-অর্ডারের মাধ্যমে অত্র প্রতিষ্ঠানের অনুকূলে জমা রাখতে হবে, যা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোনো প্রকার গাফিলতি কিংবা তাদের দ্বারা সৃষ্ট উদ্ভূত পরিস্থিতির ফলে সিডিডিএল এর ক্ষতির কারণ হিসেবে সিডিডিএল কর্তৃক বিবেচিত হলে ক্ষতির মাত্রানুযায়ী তা কর্তন/সমন্বয় অথবা সম্পূর্ণ বাজেয়াপ্ত করা হবে।

খ। তালিকাভুক্তির জন্য নিরাপত্তা জামানতের টাকা তালিকাভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বে ফেরত প্রদান করা হবে না।

১১। **নিরাপত্তা বিধি মান্য করা।**

ক। যোগানদার/উপঠিকাদারের সকল শ্রমিক/কর্মচারীকে সিডিডিএল এর Safety Rule & Regulations মেনে চলতে হবে। যোগানদার/উপঠিকাদার কর্তৃক সরবরাহতব্য শ্রমিক ও প্রতিনিধিদের নিরাপত্তা বিধানের নিমিত্তে প্রত্যেক শ্রমিকের নিজস্ব সেইফটি বেল্ট, সেইফটি স্যু, হেলমেট, হ্যান্ড গ্লাভস ও গগলস, মাস্ক ইত্যাদি থাকা ও কাজের সময়ে তা পরিধান ও ব্যবহার নিশ্চিত করতে হবে।

খ। প্রতিদিন কাজ শুরুর পূর্বে সিডিডিএল নিরাপত্তা কর্মকর্তা ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ কর্তৃক কর্মস্থল পরিদর্শনের পর তাদের অনুমোদন সাপেক্ষে কাজ আরম্ভ করতে হবে।

গ। সিডিডিএল স্থাপনায় ক্যামেরা, মোবাইল ফোন বা যেকোনো চিত্র ধারণকারী যন্ত্র দ্বারা ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি নিষিদ্ধ।

ঘ। গমনাগমন কাজের জন্য নির্ধারিত স্থান ব্যতীত যত্রতত্র গমন করা যাবে না।

ঙ। অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত কোনো ব্যক্তিকে কাজে নিয়োগ করা যাবে না।

চ। সিডিডিএল এর নিরাপত্তা লঙ্ঘিত হয় এহেন কার্যক্রমে যোগানদার/উপঠিকাদার জড়িত হতে পারবে না।

ছ। যোগানদার/উপঠিকাদার কর্তৃক সরবরাহকৃত যন্ত্রপাতি ও অন্যান্য উপকরণ সিডিডিএল অভ্যন্তরে প্রবেশ কিংবা বাহির করার ক্ষেত্রে সমস্ত প্রশাসনিক নিয়মাবলি ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে সম্পন্ন হবে।

জ। সিডিডিএল এর অভ্যন্তরে কাজ করার জন্য প্রত্যেক শ্রমিকের নাম ও ঠিকানা সম্বলিত তালিকা ও পরিচয় পত্রের ফটোকপি অবশ্যই দাখিল করতে হবে এবং পরিচয় পত্র অবশ্যই সঙ্গে রাখতে হবে।

ঝ। যোগানদার/উপঠিকাদার কর্তৃক নিয়োজিত কোন কর্মকর্তা, কর্মচারী অথবা শ্রমিকের বিরুদ্ধে সিডিডিএল এর পক্ষ হতে কোন লিখিত অভিযোগ পাওয়া মাত্র উক্ত ব্যক্তিকে পরিবর্তন করে তদস্থলে যোগ্য কর্মকর্তা, কর্মচারী অথবা শ্রমিক নিয়োগ করতে যোগানদার/উপঠিকাদার বাধ্য থাকবে। এছাড়া সিডিডিএল এর যদি উপঠিকাদারের কোন শ্রমিক/কর্মচারীকে অনুপযোগী কিংবা অবাঞ্ছিত বলে ঘোষণা করে সে ক্ষেত্রে যোগানদার/উপঠিকাদার তাকে বাদ দিয়ে অনতিবিলম্বে কাজের সুবিধার্থে দক্ষ শ্রমিক/কর্মচারী নিয়োগ করতে হবে।

ঞ। যোগানদার/উপঠিকাদার কর্তৃক সরবরাহকৃত শ্রমিকের সকল দায়-দায়িত্ব যোগানদার/উপঠিকাদারকে বহন করতে হবে। কাজের সময় তার নিজের, সরবরাহকৃত শ্রমিক, কর্মচারী অথবা অন্য কোন তৃতীয় ব্যক্তি যদি মারাত্মক অথবা কোনো ধরনের দুর্ঘটনায় পতিত হয়, তার সম্পূর্ণ দায়-দায়িত্ব উপঠিকাদার বহন করতে হবে। উপরোক্ত কারণে যদি কেউ আঘাত/দুর্ঘটনায় বা অন্য কোনো ক্ষতির সম্মুখীন হয় এবং ক্ষতিপূরণ দাবি করে তার সকল দায়-দায়িত্ব যোগানদার/উপঠিকাদার বহন করতে হবে। কাজের সময় সিডিডিএল বা অন্য কোনো তৃতীয় পক্ষের যদি কোনো সম্পদের ক্ষতি হয়ে থাকে, তার দায়-দায়িত্বও যোগানদান/উপঠিকাদারকে বহন করতে হবে। সিডিডিএল এরূপ দায়-দায়িত্ব হতে সম্পূর্ণ মুক্ত থাকবে। এ ছাড়া Workman Compensation Act এর আওতায় সকল দায়-দায়িত্ব যোগানদার/উপঠিকাদারকে বহন করতে হবে।

১২। <u>আর্থিক</u>।

ক। সিডিডিএল এর সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক ইস্যুকৃত কার্য-সম্পাদন সনদের ভিত্তিতে যোগানদার/ উপঠিকাদারের বিল পরিশোধ করা হবে।

খ। বিল প্রাপ্তির জন্য কার্য সম্পাদন সনদপত্র (মূলকপি) সহ ৩ (তিন) কপি বিল সিডিডিএল এর অনুকূলে দাখিল করতে হবে।

গ। কাজ সম্পাদন শেষে কাজের পরিমাণ কম/বেশি হলে মূল্য বিভাজন অনুযায়ী বিল পরিশোধ করা হবে।

ঘ। সরকারি নিয়মানুযায়ী অগ্রিম আয়কর কর্তন করার পর নিট বিল Account Payee Cheque এর মাধ্যমে পরিশোধ করা হবে।

ঙ। যোগানদার/উপঠিকাদারের ব্যাংক লোন/আর্থিক বিষয়ে সিডিডিএল দায়বদ্ধ থাকবে না। কোনোরূপ ব্যাংকিং কার্যক্রমে (লোন উত্তোলন) যোগানদার/উপঠিকাদার এ কার্যাদেশ ব্যবহার করলে সিডিডিএল তার দায়ভার বহন করবে না।

চ।	কাজ শেষে বিলের সাথে Letter Head Pad এ যোগানদার/উপঠিকাদার কর্তৃক যে সকল কাজ সম্পাদন করা হয়েছে, সেসব কাজের মধ্যে যাবতীয় মেরামত কাজের জন্য ০৬ (ছয়) মাস এবং কোনো আইটেম/ইকুইপমেন্ট স্থাপন করা হলে তজ্জন্য তা স্থাপনের পর হতে এক বছরের ওয়ারেন্টি সার্ভিস প্রদানের নিশ্চয়তা দিতে হবে।

ছ।	যোগানদার/উপঠিকাদারের বিল হতে ১০% টাকা সিকিউরিটি মানি হিসেবে কর্তন করা হবে, যা ওয়ারেন্টি সময় শেষে ফেরৎ প্রদান করা হবে।

জ।	প্রযোজ্য ক্ষেত্রে বিষয়োক্ত কাজে ক্রয়কারী/সেবাগ্রহণকারী প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তার নির্দেশনা মোতাবেক গুণগতমান নিশ্চিত করতে ব্যর্থ হলে যোগানদার/উপঠিকাদার কর্তৃক যে পরিমাণ কাজ সম্পাদন করা হবে তার বিপরীতে কোন বিল প্রদান করা হবে না।

ঝ।	ক্রেতা/সেবাগ্রহণকারী প্রতিষ্ঠানের কাজ তাদের নির্ধারিত সময়ে সম্পাদন করতে ব্যর্থ হলে সিডিডিএল এর বিল হতে যে পরিমাণে LD কর্তন করা হবে ঠিক একই পরিমাণে যোগানদার/উপঠিকাদারের নিকট হতেও LD কর্তন করা হবে।

উপরোক্ত সকল শর্তাবলি সম্পর্কে সম্পূর্ণ অবগত হয়ে নিম্নস্বাক্ষরকারী সকল শর্ত মেনে চলব মর্মে অঙ্গীকার প্রদান করছি।

প্রতিষ্ঠানের মালিক/অংশীদার/চেয়ারম্যান/পরিচালকগণের নামঃ

| **১। নাম, পদবি ও স্বাক্ষর** | **২। নাম, পদবি ও স্বাক্ষর** | **৩। নাম, পদবি ও স্বাক্ষর** |
|---|---|---|
| | | |